

চিঠি নেই, টেলিফোন আছে

চিঠি চেয়েছো একান্ত খুব চিঠির জন্য হা হা
 চিঠি লিখব নিজের মনে চিঠির জন্য যাহা
 চাই রে সখা, নির্জনতা নির্জনতাই নেই
 চিঠির জন্য কলম নিলাম চিঠির জন্য এই
 লেখার প্যাডে ঝুঁকে রয়েছে লেখার জন্য ঠিক,
 বুকের মধ্যে আঁকু পঁকু কাঁপছে দিক্ বিদিক্,
 কুশল কথার মধ্য থেকে বেঁকে গিয়েছে পথ
 চিঠির পাতায় ওড়ায় কে রে বৈজয়ন্তী রথ?
 ফোনেই সারি হাজার কথা চিঠির কলম কই
 সারা জীবন ঘুরে বেড়াই হৈ চৈ টে টে!
 সারা জীবন ব্যস্ত থাকি ব্যস্ততারই গান
 তবুও পোড়ে প্রাণ ভোমরা পরাণ আনচান
 তোমার জন্যে তোমার জন্যে তোর জন্যেই সখা
 অন্ধকার রাত্রি আঁধার স্বপ্ন লোকে দেখা!
 স্বপ্ন থেকে গঙ্গা থেকে অতীত থেকে দূরে
 পথ গিয়েছে প্রাণের দিকে পথ গিয়েছে সুরে
 সেই সুরকে বন্দী করি জব্দ করি আজ —
 চিঠির মধ্যে জেগে উঠল প্রাণের কাকাজ

কৃষ্ণা বসু

